



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/1/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেটের সংবিধানে সমান অধিকার প্রতিষ্ঠা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের আইনসভায় বিশেষ অধিবেশন অনুষ্ঠিত হবে বলে গভর্নর হোকলের ঘোষণা

গর্ভপাতের অধিকার ও আগ্নেয়াস্ত্র থেকে নিরাপত্তা সম্পর্কে সুপ্রিম কোর্টের রায়ের প্রতি সাড়া দিয়ে নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে পদক্ষেপ গ্রহণ করবে
— গভর্নর বিশেষ অধিবেশনের অংশ হিসেবে সংবিধানে গর্ভপাত সেবার অ্যাক্সেস প্রতিষ্ঠা করা হবে বলে ঘোষণাপত্র জারি করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজ বিশেষ অধিবেশনের আলোচ্য বিষয়ের মধ্যে সমান অধিকারের বিষয়টি যোগ করা সম্পর্কে একটি ঘোষণাপত্র জারি করেছেন। *NYSRPA বনাম ক্রুয়েন* মামলায় যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের প্রতি সাড়া দিয়ে আগ্নেয়াস্ত্র থেকে নিরাপত্তা আইন প্রণয়নের পাশাপাশি স্টেটের সংবিধানে গর্ভপাত সেবার অ্যাক্সেস দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার জন্য নিউ ইয়র্ক স্টেট একটি রেজোল্যুশন পাশ করবে।

"সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায় নিউ ইয়র্কবাসীদেরকে নিজের দেহ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার অধিকারকে এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা থেকে নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখার জন্য আমাদের অধিকারকে হুমকির মুখে ফেলে দিয়েছে, কিন্তু আমরা নিষ্ক্রিয় হয়ে বসে থাকতে রাজি নই, এবং আমাদের অবশ্যই পদক্ষেপ গ্রহণ করতে হবে," **বলেছেন গভর্নর হোকল**। "সুপ্রিম কোর্টের এসব বেপরোয়া সিদ্ধান্তের প্রতি সাড়া দিয়ে এই সাহসী পদক্ষেপগুলো গ্রহণের জন্য দিন-রাত কাজ করে যাওয়ার জন্য আমি সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার হিয়েন্স্টিকে ধন্যবাদ জানাই। গোপনে আগ্নেয়াস্ত্র বহন সম্পর্কে আমাদের আইনগুলো শক্তিশালী করতে আমরা আইন প্রণয়ন করবো, এবং গর্ভপাত সেবা গ্রহণকারী রোগী ও সেবা প্রদানকারীদের জন্য আমাদের দেশের-নেতৃস্থানীয় সুরক্ষার সঙ্গে যোগ হয়ে গর্ভপাত সেবা অ্যাক্সেস করার মৌলিক অধিকার আমাদের স্টেটের সংবিধানে প্রতিষ্ঠা করার জন্য নিউ ইয়র্ক স্টেট একটি নজিরবিহীন পদক্ষেপ গ্রহণ করবে। আমি স্পষ্ট করে জানিয়ে দিতে চাই: নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখতে আমরা আমাদের সাধ্যমতো চেষ্টা করে যাবো।"

বিশেষ অধিবেশন আয়োজন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণাপত্রটি [এখানে](#) দেখা যাবে

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418